



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

### রসায়ন বিভাগের ২৮তম ব্যাচের নবীনবরণ

তারিখ: ২ অক্টোবর, ২০১৮

আজ ২ অক্টোবর, ২০১৮ তারিখ বিকাল সাড়ে ৪টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিশ্ববিদ্যালয়ের সেন্ট্রাল অডিটোরিয়ামে রসায়ন বিভাগের ২৮তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, তোমাদের প্রধান কাজ হচ্ছে লেখাপড়া করা। এর পাশাপাশি সাংস্কৃতিক কর্মকাণ্ডে তোমরা অংশগ্রহণ করতে পার। তবে অবশ্যই - র্যাগিং, যৌন হয়রানি, মাদক, জঙ্গিবাদ, কোর্স ড্রপ-এ পাঁচটি কাজের সাথে তোমরা জড়িত হবে না। এসবের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের সবসময় কঠোর অবস্থান থাকবে।

বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. আশরাফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস। রসায়ন বিভাগের ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম, বিভাগের শিক্ষক প্রফেসর সৈয়দ সামসুল আলম ও প্রফেসর ড. মোহাম্মদ ইউনুছ অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

নবীনবরণের শুরুতে ভাইস চ্যান্সেলর ও অন্যান্য অতিথিবৃন্দ ২০১৭-১৮ শিক্ষার্থীদের বরণ করেন। দ্বিতীয় পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।